

ঠাকুর বলেন 'তোর হরিনাম শুনে।  
 ভুজঙ্গ বাহির হ'য়ে চলে গেল বনে।।  
 ভুজঙ্গের মুখ লাল দেখ দৃষ্টি করি।  
 অবশ্য ভুজঙ্গ কোন ধনের অধিকারী।'  
 'হরি বল হরি বল, কহিছে বদন।  
 'বল হরি গন্তে হরি আছে হরিধন।।  
 ঠাকুর বলেন তবে কররে খনন।  
 'হরি হরি' বলি মাটি কাটিল বদন।।  
 দুই চাপ মাটি ফেলে তাহার তলায়।  
 পাইল ধনের 'ধন আন রে বদন।  
 এই ধন ল'য়ে গৃহে করহ গমন।।'  
 বহুদিন বেদনায় ভুগিলি বদন।  
 করিতে নারিলি বাছা অর্থ উপার্জন।।  
 সংসারের কার্য কিছু করিতে না পার।  
 এই ধন ল'য়ে সংসারের কার্য কর।।  
 তোর হরিনামেতে প্রহরী তুষ্ট হ'ল।  
 নিশ্চয় বুঝিনু ধন তোরে দিয়া গেল।।'  
 বদন বলেন 'হরি হরিবল মুখে।  
 আমি কি করেছি ধন, দিবে সে আমাকে।।  
 কেন হরি মোরে হরি দেহ এই ধন।  
 তুচ্ছ হরি ধন হরি দিয়া বুঝ মন।।  
 ওহে হরি ধনে হরি নাহি প্রয়োজন।  
 তুচ্ছ হরি ধনে হরি নাহি লয় মন।।  
 হরিলক্ষ্মী হরিগাঙ্গী দৃষ্টি করে যারে।  
 হরিবল হরিধন থাকে তার ঘরে।।  
 হরিবল বিমলা কমলা যাঁর দাসী।  
 হরিবল যে পদ সেবিকা দিবানিশি।।  
 হরিবল যেই ধন বিরিঞ্চি-বাঞ্ছিত।  
 হরিবল সেই ধনে ক'র না বঞ্চিত।।  
 হরিবল সেই ধন করহ অর্পণ।  
 হরিবল সেই ধন তব শ্রীচরণ।।

হরিবল কত আমি দেখেছি খাটিয়া।  
 হরিবল দেখিয়াছি ধন উপার্জিয়া।।  
 হরিবল হেন ঘড়া পূর্ণ ছিল ঘরে।  
 হরিবল সেই ধন কেবা রক্ষা করে।।  
 হরিবল কোথা ধন আমি বা কোথায়।  
 হরিবল খাই নাই মরি বেদনায়।।  
 হরিবল ক্ষিতি অর্থ লোভে কত লোক।  
 হরিবল খুন করি খাটিছে ফাটক।।  
 হরিবল হরি-বিনে শান্তি নাহি মনে।  
 হরিবল কিবা হয় ধনে আর জনে।।  
 হরিবল এ ধনে আমার কার্য নাই।  
 হরিবল ধন-হরি চল-হরি যাই।।  
 হরিবল অর্থ যদি অনর্থ কেবল।  
 হরিধন হরি ল'বে চল হরিবল।।  
 হরিকে ডাকেন হরি আয় অজগর।  
 হরিধন হরিব না মোরা যাই ঘর।।'  
 শুনি অজগর তবে বাহুড়ি আসিল।  
 ঠাকুরে প্রণাম করি সুড়ঙ্গে পশিল।।  
 প্রভু সঙ্গে বদন থাকেন একতর।  
 কভু ঠাকুরের বাড়ী কভু ভক্ত ঘর।  
 কোন কোন লোক যদি হয় ব্যাধিমুক্ত।  
 ঠাকুরের কাছে আসে হ'তে ব্যাধিমুক্ত।।  
 কারো কারো আজ্ঞা দেন মুষ্টি যোগ করে।  
 কারো বলে ল'য়ে যাও বদন ঠাকুরে।।  
 ঠাকুর বলেন তবে বদন ঠাকুরে।  
 "যেই তুমি সেই আমি একই শরীরে।।  
 মনুষ্য জীবন মৃত্যু একই সমান।  
 তুই রে বদন মম ধন মন প্রাণ।।  
 তোর দেহ নিলাম আমার ইচ্ছামতে।  
 তোর ইচ্ছা বাহা হয় মোর ইচ্ছা তা'তে।।"  
 ঠাকুরের আজ্ঞা শুনি বদন উঠিল।  
 ঘুরে ফিরে নাচে যেন মত্ত মাতোয়াল।।